গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থমন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১
বাজেট শাখা-২১

বিষয়ঃ বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানের আমদানিকৃত পণ্যের সিডি ভ্যাট বাবদ কমিশনার অব কাস্টমস এর বিভিন্ন হিসাবে জমাকৃত অর্থ সরকারি কোষাগারে ফেরৎ আনয়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

**সভাপতিঃ মোঃ হাবিবুর রহমান, অতিরিক্ত সচিব (বাজেট -১), অর্থ বিভাগ।**
**সভার তারিখঃ ২৪/০৯/২০১৯ খ্রিঃ**
**সভার সময়ঃ ৩.০০ ঘটিকা**
**সভার স্থানঃ কক্ষ নং-২২৫, ৩য় তলা, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।**

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (পরিশিষ্ট-ক)

০২। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করে। সভাপতির অনুমতিক্রমে অর্থ বিভাগের যুগ্ন-সচিব জনাব মোঃ আবদুর রহমান খান এফসিএমএ জানান, অর্থ বিভাগ হতে ২১-০৬-২০১৮ খ্রি: তারিখে জারীকৃত সরকারি অর্থায়নে গৃহীত উন্নয়ন প্রকল্পসমূহের অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকা অনুসারে উন্নয়ন প্রকল্পের শূল্ক ও মূসক (CD VAT) খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ইতোপূর্বে প্রচলিত চেক ইস্যুর পরিবর্তে সংশ্লিষ্ট প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয় হতে সংশ্লিষ্ট কাস্টম হাউস কর্তৃপক্ষের বরাবর অথরিটি জারির বিধান প্রবর্তন করায় সংশ্লিষ্ট কাস্টম হাউসের CD VAT আদায়ের প্রক্রিয়া এবং ASYCUDA WORLD সিস্টেমে কিভাবে প্রক্রিয়াকরণ হবে তা নিয়ে মাঠ পর্যায়ে কিছুটা অস্পষ্টতা সৃষ্টি হয়েছে। এ কারণে গত ২৬-০৯-২০১৮ খ্রি: তারিখে জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ন্ত্রণাধীন সংশ্লিষ্ট কাস্টম হাউসসমূহ কর্তৃক সরকারি অর্থায়নে উন্নয়ন প্রকল্পের CD VAT পরিশোধের নতুন প্রবর্তিত পদ্ধতি পরিপূর্ণ বাস্তবায়নের সুবিধার্থে কার্যকর কর্মপদ্ধতি নির্ধারণের লক্ষ্যে একটি সভা অনুষ্ঠিত হয়। এছাড়া বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানের আমদানিকৃত পণ্যের সিডি ভ্যাট পরিশোধের জন্য কমিশনার অব কাস্টমস এর বিভিন্ন হিসাবে জমাকৃত অর্থ সরকারি কোষাগারে ফেরৎ আনয়ন বিষয়ে হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় হতে গত ১৯/০২/২০১৯খ্রিঃ তারিখের ০৭.০৩.০০০০.০০৩.২৬.৭৫.১৬-৫৯ নং স্মারকের মাধ্যমে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অর্থ বিভাগকে অনুরোধ করা হয়। উক্ত পত্রের মাধ্যমে কাস্টম হাউজসমূহের বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানের আমদানিকৃত পণ্যের সিডি ভ্যাট পরিশোধের জন্য কমিশনার অব কাস্টমস এর বিভিন্ন হিসাবে জমাকৃত অর্থ সরকারি কোষাগারে ফেরৎ আনয়ন প্রসঙ্গে কাস্টম হাউসসমূহ হতে তথ্য পাওয়া গেছে । এ তথ্যের আলোকে জুন, ২০১৮ খ্রি: তারিখে হিসাব চলতিতে অব্যয়িত জের এর হিসাব বিবরণীতে সর্বমোট ৩৫২,২৭,৭৯,৯৩৯/- (তিনশত বায়ান্ন কোটি সাতাশ লক্ষ উনাশি হাজার নয়শত উনচল্লিশ) টাকা রয়েছে।

০৩। অত:পর সভাপতি মহোদয় আলোচ্যসূচী ১ ও ২ এর বিষয়ে উপস্থিত সদস্যগণকে তাদের বক্তব্য পেশ করার জন্য অনুরোধ জানান। উপস্থিত সদস্যবৃন্দের বক্তব্য নিম্নরুপ:

**জনাব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ, অতিরিক্ত সচিব (বাজেট-৪):** তিনি বলেন একটি নির্দিষ্ট বছরে CD VAT বাবদ জমাকৃত অর্থ ব্যয়ের পর অব্যয়িত অর্থের হিসাব কাস্টম হাউস ও প্রকল্প দপ্তরকে বিধি মোতাবেক অর্থ বিভাগকে জানানো উচিৎ। এছাড়া, যখন একটি প্রকল্প শেষ হবে অথবা এর আমাদানি কার্যক্রম শেষ হবে তখন সিডি ভ্যাট বাবদ অব্যয়িত অর্থ ফেরৎ প্রদান করতে হবে এবং উক্ত প্রকল্পের (সমাপ্ত প্রকল্প) পূর্ণাঙ্গ হিসাব শেষ করতে হবে। এছাড়া তিনি এ নতুন প্রবর্তিত নিয়ম অনুযায়ী সিডি ভ্যাট পরিশোধের বিষয়ে আলোচনা করেন। তিনি বলেন, যেসকল প্রকল্প অর্থ বিভাগ হতে জারীকৃত উন্নয়ন প্রকল্পসমূহের অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকা জারীর পূর্ব হতে চলমান রয়েছে, সেসকল প্রকল্পের সিডি ভ্যাট বাবদ অর্থ কাস্টম হাউসে জমা থাকলে তা সমন্বয়পূর্বক ব্যবহার করা যাবে এবং তা পূর্বের নিয়ম অনুযায়ী হবে। নতুন নিয়ম অনুযায়ী অথরিটি জারীর মাধ্যমে সিডি ভ্যাট এর অর্থ পরিশোধের কার্যক্রম যথারীতি চলমান থাকবে।

**জনাব কাজী জিয়া উদ্দিন, উপকর কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম** তিনি জানান, বেশীর ভাগ ক্ষেত্রে প্রকল্প কার্যালয় হতে প্রকল্প সমাপ্ত কি না তা জানানো হয়না। ফলে উক্ত প্রকল্পসমূহের সিডি ভ্যাট বাবদ অব্যয়িত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান বা ফেরৎ প্রদান করা সম্ভব হয়না। তিনি অর্থ বিভাগ হতে এ সংক্রান্ত খসড়া পরিপত্রটি কাস্টম হাউসসমূহের সাথে পর্যালোচনাক্রমে জারী করার জন্য অনুরোধ জানান।

**জনাব মোহাম্মদ মমিনুল হক ভূঁইয়া, অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি), সিজিএ কার্যালয়:** তিনি জানান যে, প্রকল্প শেষ হলে সিড ভ্যাট এর অর্থ জমা প্রদান করতে হবে তা পূর্বেই নির্দেশনা রয়েছে। চলমান প্রকল্পসমূহের সিডি ভ্যাট বাবদ অর্থ জমা থাকলে তা আগের পদ্ধতিতেই ব্যবহারের সুযোগ দেয়া প্রয়োজন।

৪। সিদ্ধান্ত:

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

১) অর্থ বিভাগ সমাপ্ত প্রকল্পের তালিকা কাস্টমস হাউসসমূহে প্রেরণ করবে। কাস্টমস হাউজসমূহ সমাপ্ত প্রকল্পের অর্থ ট্রেজারীতে জমা দিয়ে পূর্ণাঙ্গ তথ্যসহ প্রকল্প সংশ্লিষ্ট বিভাগ/মন্ত্রণালয় এবং অর্থ বিভাগকে অবহিত করবে।

২) চলমান প্রকল্পের সিডি ভ্যাট বাবদ অর্থ কাস্টম হাউসে অব্যয়িত থাকলে তা পরবর্তী অর্থ বছরের সিডি ভ্যাট পরিশোধে ব্যবহার করা যাবে এবং কোন প্রকল্পের সিডি ভ্যাট এর জন্য আরো অর্থ বরাদ্দ প্রয়োজন হলে তা নতুন নিয়ম অনুযায়ী অথরিটি জারীর মাধ্যমে ব্যয় করতে হবে।

৩) সিডি ভ্যাট বাবদ অর্থ পরিশোধের হিসাব পদ্ধতি বিস্তারিতভাবে অর্থ বিভাগ হতে জারীতব্য নির্দেশনায় উল্লেখ থাকবে। আগামী ০১-১০-২০১৯ খ্রি: তারিখের মধ্যে উল্লিখিত হিসাব পদ্ধতির খসড়া জনাব মো: সাব্বির আহমেদ খান, পরামর্শক ও জনাব মোহাম্মদ মমিনুল হক ভূঁইয়া, অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি) প্রস্তুত করে অর্থ বিভাগে প্রেরণ করবেন।

৪) বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানের আমদানিকৃত পণ্যের সিডি ভ্যাট বাবদ কমিশনার অব কাস্টমস এর বিভিন্ন হিসাবে জমাকৃত অর্থ সরকারি কোষাগারে ফেরৎ আনয়নসহ উক্ত অর্থ বরাদ্দ, ছাড়, অথরিটি জারি, এক কাস্টম হাউসের অনুকূলে সিডি ভ্যাট বাবদ জারীকৃত অথরিটি প্রয়োজনে অন্য কাস্টম হাউস কর্তৃক ব্যবহারের প্রক্রিয়া, হিসাবায়ন পদ্ধতি উল্লেখকরত: পূর্বের জারীকৃত উন্নয়ন প্রকল্পসমূহের অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকায় কোন সংশোধন থাকলে তা উল্লেখপূর্বক একটি পরিপূর্ণ পরিপত্র অর্থ বিভাগের বাজেট-১১ শাখা হতে জারী করতে হবে।

৫। পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

স্বাক্ষরিত/-
৩০-০৯-২০১৯খ্রি:
(মোঃ হাবিবুর রহমান)
অতিরিক্ত সচিব (বাজেট-১)

নং-০৭.১২১.০২০.১১৩১.০০৩.২০১৫-　　　　তারিখ: ১৫-০৬-১৪২৬ব:
৩০-০৬-২০১৯ খ্রি:

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
২। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড।
৩। অতিরিক্ত সচিব (বাজেট-৪), অর্থ বিভাগ।
৪। সদস্য (শুল্ক নীতি), জাতীয় রাজস্ব বোর্ড।
৫। হিসাব মহানিয়ন্ত্রক, সিজিএ ভবন, সেগুনবাগিচা ঢাকা (দৃ:আ: জনাব মোহাম্মদ মমিনুল হক ভূঁইয়া, অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি))।
৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
৭। কমিশনার, কাস্টম হাউস চট্টগ্রাম/ঢাকা/আইসিডি কমলাপুর/পানগাঁও/বেনাপোল/মোংলা।
৮। যুগ্ম-সচিব (বাজেট-৭), অর্থ বিভাগ।
৯। সিনিয়র সহকারী সচিব (বাজেট-১১), অর্থ বিভাগ।
১০। জনাব মোঃ সাব্বির আহমেদ খান , পরামর্শক, সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ: অগ্রাধিকার কার্যক্রমসমূহের ধারাবাহিকতা রক্ষা শীর্ষক কর্মসূচি, গাজী ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১১। অতিরিক্ত সচিব (বাজেট-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।

৩০/৯/২০১৯
(ফৌজিয়া রহমান)
উপসচিব
ফোন: ৯৫৪০২৮৬